

দৈনিক ইত্তেফাক

প্রতিটি দিনকে মোহরে ঘূরিয়ে আসিয়ে দিচ্ছে ইত্তেফাক

বিভিন্ন স্থানে শিক্ষক দিবস পালিত

প্রকাশ : ০৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



বরিশাল : বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে গতকাল শনিবার শিক্ষক-কর্মচারী সমিতি ফেডারেশনের উদ্যোগে বের হওয়া শোভাযাত্রা – ইত্তেফাক

ইত্তেফাক ডেক্স

বিভিন্ন স্থানে গতকাল শনিবার বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষ্যে সভা ও শোভাযাত্রাসহ নানা অনুষ্ঠান আয়োজিত হয়েছে। আমাদের প্রতিনিধি ও সংবাদদাতাদের পাঠানো খবর।

বরিশাল : সকালে শিক্ষক-কর্মচারী সমিতি ফেডারেশনের উদ্যোগে বরিশাল প্রেসক্লাব চতুর থেকে একটি বর্ণাচ্য র্যালি বের হয়। শিক্ষক-কর্মচারী সমিতি ফেডারেশন আঞ্চলিক শাখার আহ্বায়ক অধ্যাপক মহসিন-উল ইসলাম হাবুলের নেতৃত্বে র্যালিটি বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে পুনরায় প্রেসক্লাব চতুরে গিয়ে শেষ হয়। পরে প্রেসক্লাব মিলনায়তনে এক আলোচনা সভায় সভাপতিত্ব করেন শিক্ষক-কর্মচারী সমিতি ফেডারেশন আঞ্চলিক শাখার আহ্বায়ক

অধ্যাপক মহসিন-উল ইসলাম হাবুল। বক্তৃতা করেন বাংলাদেশ শিক্ষক সমিতি (কামরংজামান) গ্রুপের আঞ্চলিক সাধারণ সম্পাদক মোজাম্বেল হক, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি আঞ্চলিক কমিটির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক গৌরাঙ্গ চন্দ্র কুড়ু, বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি কেন্দ্রিয় কমিটির যুগ্ম সম্পাদক অধ্যক্ষ আ ক ম মিজানুর রহমান, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন বরিশাল জেলার সাংগঠনিক সম্পাদক অধ্যাপক আমিনুল ইসলামসহ অন্যরা। অপরদিকে, বাংলাদেশ শিক্ষক সমিতি বরিশাল আঞ্চলিক শাখার উদ্যোগে নগরীর ফকিরবাড়ি রোডসহ কার্যালয়ে সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি অধ্যক্ষ ফরিদুল আলম জাহাঙ্গীর।

খাগড়াছড়ি : খাগড়াছড়ি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সমিতির উদ্যোগে জেলা সদরের মহাজন পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সদর উপজেলা কমিটির সভাপতি মিলন কান্তি চাকমার সভাপতিত্বে অনুষ্ঠিতব্য আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন প্রাথমিক প্রধান শিক্ষক সমিতি জেলা কমিটির সভাপতি অজিন্দ্র কুমার ত্রিপুরা, প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন জেলা কমিটির সাধারণ সম্পাদক মিয়া মো. ওমর ফারুখ।

নেত্রকোণা : বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে শিক্ষা ও শিক্ষকদের মান উন্নয়নে দেশের সকল এমপিওভুক্ত শিক্ষক ও শিক্ষা ব্যবস্থাকে জাতীয়করণের দাবি জানিয়ে বাংলাদেশ বেসরকারি শিক্ষক কর্মচারী ফোরাম নেত্রকোণা জেলা শাখা সাংবাদিক সম্মেলনে করেছে। গতকাল শনিবার নেত্রকোণা জেলা প্রেসক্লাবে অনুষ্ঠিত সাংবাদিক সম্মেলনে জেলা শিক্ষক নেতৃত্বসহ সাংবাদিক সম্মেলনে বলেন, এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের বেতন থেকে শতকরা ১০ ভাগ কর্তন বন্ধসহ সরকারের যোগাযোগ জাতীয় শিক্ষানীতি ও শিক্ষা আইন বাস্তবায়ন করে শিক্ষকদের মাঝে যে অপ্রাপ্তি, বৈষম্য এবং ক্ষেত্র রয়েছে তা দূরীভূত করতে হবে। সাংবাদিক সম্মেলনে বক্তব্য রাখেন শিক্ষক কর্মচারী ফোরামের সহ-সভাপতি মোঃ মতিয়র রহমান আকন্দ এবং সাধারণ সম্পাদক মোঃ মাসুদুর রহমান ফকির।

সুনামগঞ্জ : শনিবার দুপুরে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) সুনামগঞ্জ জেলা শাখার আয়োজনে সুনামগঞ্জ পৌর কলেজ প্রাঙ্গণ থেকে শোভাযাত্রা বের হয়ে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে আলফাত ক্ষয়ার পয়েন্টে গিয়ে আলোচনা সভায় মিলিত হয়। বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস) জেলা শাখার সভাপতি অধ্যাপক

শুভংকর তালুকদার মাঝার সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক প্রভাষক মো.জামাল হোসেনের সঞ্চালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এদিকে, কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে শিক্ষাব্যবস্থা জাতীয়করণ ও এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের বেতন হতে ১০% কর্তন বৃদ্ধির দাবিতে সুনামগঞ্জে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী ফোরাম (বাবেশিকফো) সুনামগঞ্জ জেলার আয়োজনে পৌর বিপণির ২য় তলায় (বাবেশিকফো) অস্থায়ী কার্যালয়ে সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্য পাঠ করেন বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী ফোরাম (বাবেশিকফো) সুনামগঞ্জ জেলা শাখার সভাপতি মো. মোদাছিহ আলম। লিখিত বক্তব্যে তিনি বলেন, দেশের ৯৭ শতাংশ শিক্ষার দায়িত্ব পালন করেন বেসরকারি শিক্ষকগণ।

ইতেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ মেশন প্রিস্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

